

প্রিয় সিস্টারগণ, শিক্ষকবৃন্দ , পিতামাতা- অভিভাবকবৃন্দ, বন্ধু-বান্ধব ও শুভাকাজ্জী, এবং স্নেহের শিক্ষার্থীবৃন্দ,
সবাইকে ৫০তম মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানাই। স্বাধীনতার অমৃত স্বাদে ভরে উঠুক সবার মন-প্রাণ,
সব অশুভ দূর হয়ে জ্বলে উঠুক মঙ্গল আলোক। বাঙালী জাতির জীবনে আজ অনন্যসাধারণ একটি দিন। সামনে
এগিয়ে যাওয়ার প্রেরণার দিন। স্বাধীনতার ঘোষণা ও মুক্তিযুদ্ধের সূচনার এই সময়টি, আমরা বাঙালি জাতি নিবিড়
আবেগে বিনম্র শ্রদ্ধা ও কৃতজ্ঞতায় স্মরণ করছি দেশমাতৃকার জন্য আত্মত্যাগ করা বীর সন্তানদের।

আজকের এই দিনে শ্রদ্ধাভরে স্মরণ করছি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে, যাঁর বলিষ্ঠ নেতৃত্বে পরিচালিত হয়েছিল আমাদের দীর্ঘ মুক্তিসংগ্রাম।

এবছরের স্বাধীনতা দিবসটি আমাদের জন্য আনন্দের কারণ একদিকে স্বাধীনতার ৫০ বছর, অন্যদিকে বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী।

নভেল করোনাভাইরাসের ব্যাপক সংক্রমণের কারণে বাংলাদেশসহ সারা বিশ্ব আজ আক্রান্ত ও আতঙ্কিত।
সৃষ্টিকর্তার নিকট স্বাধীনতা দিবসে আমাদের প্রার্থনা , নিরাময় হউক বিশ্ব, মানবের হউক কল্যাণ।

সবাই কল্যাণে ও মঙ্গলে থাকুন

এই কামনায় -

সিস্টার ভার্জিনিয়া আশা গমেজ (আরএনডিএম)।